

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৬৩

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব

আরবী

وَعَن ابنِ مَسْعُوْدِ قَالَ: كُنَّا مَعَ رَسُولِ اللهِ عَلَيْ فِي قُبَّة نَحْواً مِنْ أَربَعِينَ فَقَالَ أَتَرْضَونَ أَنْ تَكُونُوا ثُلُثَ أَهلِ الجَنَّةِ ؟ قُلْنَا: أَعَمْ قَالَ أَتَرْضَوْنَ أَنْ تَكُونُوا ثُلُثَ أَهلِ الجَنَّةِ ؟ قُلْنَا: نَعَمْ قَالَ أَتَرْضَوْنَ أَنْ تَكُونُوا ثِلْثَ أَهلِ الجَنَّةِ وَذَلِكَ أَنَّ الجَنَّةَ وَذَلِكَ أَنَّ الجَنَّةَ لَا يَدْخُلُهَا إِلاَّ نَفْسٌ مُسْلِمَةٌ وَمَا أَنْتُم فِي أَهْلِ الشِّرِكِ إِلاَّ كَالشَّعْرَةِ البَيْضَاءِ فِي جلِدِ الثَّورِ الأَحْمَر مُتَّفَقٌ عَلَيهِ الطَّسْوَدِ أَوْ كَالشَّعْرَةِ السَّودَاءِ في جلِدِ الثَّورِ الأَحْمَر مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

(৪৬৩) ইবনে মাসউদ (রাঃ) বলেন, আমরা প্রায় চল্লিশ জন মানুষ রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে একটি তাঁবুতে ছিলাম। একসময় তিনি বললেন, তোমরা কি পছন্দ কর যে, তোমরা জান্নাতবাসীদের এক চতুর্থাংশ হবে? আমরা বললাম, জী হ্যাঁ। তিনি বললেন, তোমরা কি জান্নাতবাসীদের এক তৃতীয়াংশ হতে পছন্দ কর? আমরা বললাম, জী হ্যাঁ। তিনি বললেন, তাঁর শপথ, যাঁর হাতে মুহাম্মাদের প্রাণ আছে, আমি দৃঢ়ভাবে প্রত্যাশী যে, জান্নাতবাসীদের অর্ধেক তোমরাই হবে। এটা এ জন্য যে, শুধুমাত্র মুসলিম প্রাণ ছাড়া অন্য কেউ জান্নাতে প্রবেশ করবে না। আর মুশরিকদের তুলনায় তোমরা এরূপ, যেরূপ কালো বলদের গায়ে (একটি) সাদা লোম অথবা লাল বলদের গায়ে (একটি) কালো লোম।

ফুটনোট

(বুখারী ৬৫২৮, মুসলিম ৫৫২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন